

## 💵 যাদুকর ও জ্যোতিষীর গলায় ধারালো তরবারি

বিভাগ/অধ্যায়ঃ যাদু প্রতিরোধের উপায় রচয়িতা/সঙ্কলকঃ ওয়াহীদ বিন আব্দুস সালাম বালী

দশম উপায়ঃ শোয়ার পূর্বে আয়াতুল কুরসী পড়া

নিদ্রা যাওয়ার পূর্বে ওযু করবে, তারপর আয়াতুল কুরসী পড়ে আল্লাহর যিকির করতে করতে ঘুমিয়ে যাবে। বিশুদ্ধ সনদে বর্নিত হয়েছে যে, শয়তান আৰু হুরাইরাকে (রাযিয়াল্লাহু আনহু) বলল যে ব্যক্তিই শুয়ার পূর্বে আয়াতুল কুরসী পড়ে, সেই রাতে তার জন্যে আল্লাহ তায়ালা এক ফেরেশতা নিযুক্ত করেন। আর শয়তান সেই রাতে সেই ব্যক্তির কাছে সকাল পর্যন্ত যেতে পারে না।

নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তার এ বর্ণনা স্বীকার করে বললেনঃ হে আবু হুরাইরা শয়তান তোমাকে সত্যই বলেছে অথচ সে মিথ্যাবাদী। (বুখারীঃ ৪/৪৮৭)

একাদশ উপায়ঃ মাগরিবের নামাযের পর এই আমলগুলো করাঃ

- (১) সুরা বাকারার ১-৫ আয়াত পড়া।
- (২) আয়াতুল কুরসী এবং এর পরের আয়াত।
- (৩) সূরা বাকারার শেষ তিন আয়াত।

এই আমলের দ্বারা আপনি ২৪ ঘন্টা শয়তান ও সর্বপ্রকার যাদু থেকে রক্ষা পেতে পারেন।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5967

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন